



পত্র নং ০৫.৪৫.৮৯০০.০০৬.০৫.০১২.২০১৯- ২৪৭৮

তারিখঃ ২৭ আশ্বিন- ১৪২৭
২২ অক্টোবর ২০২০

বিষয় : 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শীর্ষক রচনা প্রতিযোগিতা আয়োজনে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা এর ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৯.২০.৪৫৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত পত্রের ছায়াছবি এ সাথে প্রেরণ করা হলো। জাতীয় মানবাধিকার কমিশন 'মুজিববর্ষের অঙ্গীকার: সুরক্ষিত হবে মানবাধিকার' এই প্রতিপাদ্য নিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন করছে। তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত দেশব্যাপী মানবাধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং মানুষের অধিকার আদায়ে বঙ্গবন্ধুর অবদানকে নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেওয়ার লক্ষে; জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক স্কুল, কলেজ, ও মাদ্রাসা) নবম ও দশম এবং একাদশ ও দ্বাদশ শ্রেণি ও সমমানের ছাত্র-ছাত্রীদের অনলাইন/ সরাসরি অংশগ্রহণের মাধ্যমে 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতার সফল আয়োজনের জন্য এ জেলার শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক প্রচারসহ সূত্রস্থ পত্রের নির্দেশনা মতে সহযোগিতা প্রয়োজন।

০২। এমতাবস্থায় জেলা পর্যায়ে বর্ণিত রচনা প্রতিযোগিতার সফল আয়োজনের জন্য শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে জেলা (ই-মেইল acgeneralsherpur34@gmail.com) ও উপজেলা প্রশাসনের নির্ধারিত ই-মেইল আইডিসহ সংযুক্ত গাইড লাইনটি প্রচার ও গাইডলাইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ ওয়ালীউল হাশান

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
জেলা প্রশাসকের কার্যালয়
শেরপুর।

ফোন- +৮৮-০৯৩১-৬১৫৪৭

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর/নকলা/নালিতাবাড়ী/
শ্রীবরদী/ ঝিনাইগাতী, শেরপুর।
০২। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। জেলা তথ্য অফিসার, শেরপুর।

০২। সহকারী কমিশনার, গোপনীয় শাখা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)

প্রয়োজনঃ আব্দুল কাদির
সহকারী-অধ্যাপক
বাংলা বিভাগ
০১৭।৫২০৪০।০

প্রতিযোগী বাছাইয়ের নির্দেশিকা

করোনা দুর্যোগকালীন পরিস্থিতিতে নির্ধারিত তারিখ ও সময়ে শিক্ষার্থীগণ অনলাইনে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহন করে জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত ইমেইল বা অন্য কোন মাধ্যমে রচনা জমা দিবেন। অনলাইনে অংশগ্রহন করা সম্ভব না হলেও সে নিজ হাতে লিখে হার্ডকপি স্ব-স্ব বিদ্যালয়/প্রতিষ্ঠানে জমা দিতে পারবে। প্রতিষ্ঠান প্রধানগণ সংগৃহিত রচনাবলী উপজেলা নির্বাহী অফিসারের বরাবর জমা দিতে পারবে। উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন।

১. নবম ও দশম (সমমান) শ্রেণীর প্রতিযোগী সমন্বয়ে 'ক' গ্রুপ সর্বোচ্চ ৭০০ শব্দে রচনা লিখবে;
২. একাদশ ও দ্বাদশ শ্রেণী (সমমান) প্রতিযোগী সমন্বয়ে 'খ' গ্রুপ সর্বোচ্চ ১২০০ শব্দে রচনা লিখবে;
৩. প্রতিযোগিতার তারিখঃ ১৫/১০/২০২০ ২৩/১০/২০২০/
৪. উপজেলা প্রশাসন হতে প্রতিটি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের প্রধান বরাবর এ সংক্রান্ত একটি নির্দেশনা প্রেরণ করবে;
৫. প্রতিযোগীরা নিজস্ব ব্যবস্থাপনায় রচনা লিখবে।
৬. উত্তরপত্রের উপরের অংশে প্রতিযোগীর নাম, বয়স, মোবাইল নাম্বার, শ্রেণি, রোল নাম্বার, প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে।;
৭. জেলা পর্যায়ে অনলাইন বা সরাসরি লেখা প্রতিটি উত্তরপত্রে পরিদর্শকের স্বাক্ষর থাকতে হবে;
৮. জেলা বাছাই কমিটি তথ্য সংগ্রহ ছক (সংযুক্ত) পূরণ করে জাতীয় মানবাধিকার কমিশনের ইমেইলে info@nhrc.org.bd প্রেরণ করবে;
৯. জেলা বাছাই কমিটি প্রতি উপজেলা হতে প্রাপ্ত উভয় গ্রুপের রচনাসমূহ বাছাই করে সেরা (১০+১০) ২০টি রচনা নির্বাচনপূর্বক সীল গালা করে জাতীয় মানবাধিকার কমিশনে প্রেরণ করবে;
১০. কমিশন কর্তৃক বিশেষজ্ঞ প্যানেলের মাধ্যমে মোট (৬৪ X ১০ = ৬৪০ + ৬৪ X ১০ = ৬৪০) ১২৮০টি রচনার মধ্যে প্রথম ধাপে (৫০+৫০) ১০০টি রচনা বাছাই করা হবে;
১১. বাছাইকৃত (৫০+৫০) ১০০টি রচনা নিয়ে কমিশন 'নতুন প্রজন্মের মননে বঙ্গবন্ধু ও মানবাধিকার' শিরোনামে একটি গ্রন্থ প্রকাশ করবে;
১২. বাছাইকৃত ১০০টি রচনার প্রতিযোগীদের নিয়ে বঙ্গবন্ধু ও মানবাধিকার বিষয়ে অনলাইনের মাধ্যমে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে। জেলা প্রশাসকগণ অনলাইনে প্রতিযোগীদের অংশগ্রহণ নিশ্চিত করার ব্যবস্থা করে কমিশনকে সহায়তা করবেন। কুইজ প্রতিযোগিতার মাধ্যমে উভয় গ্রুপ থেকে সেরা ১০+১০ মোট ২০ জন প্রতিযোগী নির্বাচন করা হবে।
১৩. জাতীয় মানবাধিকার কমিশন থেকে আগামি ১০ ডিসেম্বর ২০২০ তারিখ 'মানবাধিকার দিবস' উপলক্ষে আয়োজিতব্য অনুষ্ঠানে রচনা প্রতিযোগিতার সংখ্যাধিক্যের উপর ভিত্তি করে প্রতি বিভাগ থেকে তিনটি সেরা উপজেলা ও একটি শ্রেষ্ঠ জেলাকে সম্মাননা প্রদান করা হবে।
১৪. সেরা ২০ জন প্রতিযোগীকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পুরস্কার ও সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা নেয়া হবে;
১৫. উপজেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল প্রতিযোগীকে সার্টিফিকেট ও মানবাধিকার কমিশনের লোগো সম্বলিত কলম প্রদান করা হবে।